446

003

তারিখ: ২৫।২।৮৩

# গরীব ও মেধাবী ছাত্রদের মধ্যে পাঠ্য বই বিতরণ

হাজিগঞ্জ (কুমিল্লা), ১৬ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।— স্থানীয় সামাজিক সাংস্কৃতিক, সাহিত্য ও ক্রীড়া প্রতিষ্ঠান 'উত্তরণ' এর বার্ষিক পাঠ্য পুস্তক বিতরণ উপলক্ষে গত ১৪ই ফেব্রুয়ারী স্থানীয় ইউনিয়ন পরিষদ ভবনে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে সংগঠনের আহ্বায়ক জনাব আবদুর রশীদ মজুমদারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন হাজিগঞ্জ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ শ্রী সুখ লাল সাহা।

অনুষ্ঠানে হাজিগঞ্জ থানার ৭টি উচ্চ বিদ্যালয়ের ২১৮ জন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে সংগঠনের পক্ষ থেকে বিনা মূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করেন প্রধান অতিথি অধ্যক্ষ সুখ লাল সাহা। অনুষ্ঠানের শেষ পর্বে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংগঠনের শিল্পীবৃন্দ এতে সংগীত পরিবেশন করেন।

### বনফুল সংঘের ৯ম প্রতিষ্ঠাবার্ষিকী

গতকাল স্থানীয় সামাজিক সাংস্কৃতিক প্রতিষ্ঠান বনফুল সংঘের ৯ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

এ উপলক্ষে এদিন সকালে সংগঠনের কার্যালয়ে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা এবং সংগঠনের পতাকা উত্তোলন, দুপুরে মিলাদ মহফিল এবং বিকেলে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।